

নদী আর স্বপ্ন  
নিবেদিতা আচার্য

তাহলে নদী আর স্বপ্নগুলো এখানেই শেষ হওয়ার কথাছিল।

একটা জমকালো পাঞ্জাবি থেকে আলো ঠিকরাচ্ছিল।  
আর আমি ভাবছিলাম যেকোনো একটা বাসে চেপে পড়লেই হয়।

ফিনফিনে এক নদী গল্প বলছিলে, স্বপ্নগুলো সাজিয়ে  
রাখছিলে ধুলোভর্তি রাস্তায়।  
মিলি সেনের গ্রন্থিঃ এর কথা বলছিলে।  
বলছিলে তাজা পেপের মতো বুলে থাকা স্তনের কথা  
বলছিলে ডিসেম্বরেই গ্লো পাওয়া যায় সিমলায়।

ভান আর আসল মুখের মধ্যে সরু রেখাটা ক্রমশ মিলিয়ে যাচ্ছিল।  
সিঁড়ি দিয়ে অনেক নীচে নেমে গেছি ততদিনে।  
নদীটার কাছে যাওয়ার কোন মানেই নেই এখন।  
বরং গড়িয়াতে একটা ক্ল্যাটেই কেনা কাজের কাজ।

আর আমি তখনও ভাবছিলাম পুরুলিয়াগামী  
যেকোন একটা বাসে চেপে পড়লেই হয়।

আড্ডাবাজ পাখি  
নিবেদিতা আচার্য

বহু পাখির মধ্যে সেই একজনই আসত।  
এতদিন পরে কি চেনা যায় আর?

নিশ্চিত বেয়াক্কেলে ছিল, বিশ্বাস কর।  
কাঁহা কাঁহা থেক নানান আকাশ বয়ে নিয়ে আসত।

আর এপাড়াটা তত দিনে জবা ফের মা-কালী হয়ে কবে  
পোশাক ছুঁড়ে ফেলবে দিগন্তে  
সেই আশায় বসে থাকত উদ্গ্রীব।

পাখিটা আসত গাছগাছালি আর ফল পাকুড়ের খবর নিয়ে।  
এমন কি গোটা একটা পাহাড়ের গল্পও সে শিখে এসেছিল ঠিকঠাক।  
নদীটার পেটে নাকি কোন কালো আগুন ছিল।

সারেঙ্গী  
বিদিশা সরকার

আমি শিখছিলাম মুক্ত মঞ্চার এককোনায় কি করে  
বেজে উঠে অন্ধকার। সুরমন্ডলের আবেশকে কি করে  
ছাপিয়ে যায় বোবা কান্না-  
অথচ সারেঙ্গী কাঁদেনি কখনও  
চমনবাহারের গন্ধে ভুরভুর আমার সাজঘর  
তবলার লাগি শোনা যাচ্ছিল...  
ডাক পড়লে  
আমার টিকলিতে মধুরেন সমাপয়েৎ

এইষে নির্বিকার চলে যাওয়া  
রঙমশালের আধপোড়া কিছুটা  
সেটাই তো কান্না

আজীবন যা বাজাতে চেয়েছিল  
কখনও আভোগী কখন্য নির্দেশনামায়।

তার এক টুকরো ঘরে এক আকাশ তারা  
মৌসম ভবনে জানলাগুলো বন্ধ করে দিচ্ছিল  
আরদালির চৌখস চোখ---

জলপ্রপাত  
প্রীতি আচার্য

ছাদের ঘর থেকে সিঁড়ি বেয়ে গড়িয়ে পড়ছে জ্যাংস্না  
ভেসে যাচ্ছে রান্নাঘর, হাওয়াময় দক্ষিণের ঝুল বারান্দা  
আবছা অন্ধকারে দুলে উঠছে স্বপ্নগর্ভ সুনীল মশারি-  
এরকমই আরেকটি রাত আজ বিছানায় আমার অতিথি

ক্যালেন্ডার দেখে আমি জেনেছি আজই সেই স্বপ্নের রাত  
চাঁদের নির্যাসে ভেসে যাচ্ছে আমার বিছানা  
মাথার ভেতরে তাই মেঘ ঢাকা প্রসাবী আকাশ  
স্বপ্নের মুক্তি চেয়ে পুড়ে ছাই হয়ে গেল কয়েকটি তারা  
অরণ্যপথ জুড়ে হাওয়ায় হাওয়ায় শুধু বৃথা ডাকাডাকি  
এপথে আসে না কে, এই পথ তোমারও অচেনা  
এই পথে জেগে আছে রাত ভাঙা জলপ্রপাত